

2 0 1 9

BENGALI

(Major)

Paper : 6.5

Full Marks : 60

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশানুযায়ী অতি সংক্ষিপ্ত উত্তর দাও : ১×৭=৭

(ক) অভাবের তাড়নায় পবিত্র কী বিক্রি করতে চেয়েছিল ?

(খ) চক্রবর্তীবাবুর পুচকি নাতনি সবার সঙ্গে কী খেলতে
চেয়েছিল ?

(গ) একদিন আমার বাবার _____ শিশিটা আমার মা-র হাত
থেকে পড়ে গিয়েছিল।

(শূন্যস্থান পূর্ণ করো)

(ঘ) জাপানে নেতাজি সুভাষচন্দ্র বসু কী নামে পরিচিত
ছিলেন ?

(ঙ) 'দি গোল্ডেন বাও' গ্রন্থের রচয়িতা কে ?

- (চ) 'দেশ' পত্রিকায় প্রকাশিত বিধুভূষণ চৌধুরীর গল্পটির নাম কী ?
- (ছ) সুজিৎ চৌধুরীদের মূল বাড়ি কোথায় ছিল ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও :

২×৪=৮

- (ক) "আমি নিজের ভবিষ্যতের জন্য ভাবলে তোর ভবিষ্যত যে অন্ধকার হয়ে যেত।" বক্তা কে? কাকে বলেছিলেন ?
- (খ) "ওমা আপনি ম্যানেজার হয়ে গেলেন!" উজ্জ্বলের ম্যানেজার হয়ে যাবার খবর গুণধর কী কী লক্ষণ দেখে জানতে পেরেছিল ?
- (গ) "আপনাকে কেউ ঘুমোতে বলে না?" বক্তা কে? কাকে উদ্দেশ্য করে এ-কথা বলা হয়েছে ?
- (ঘ) "শিক্ষকতার বাইরে মেসোমশাইয়ের দুটো ব্যাপারে প্রবল আসক্তি ছিল।" এই 'আসক্তি' দুটি কী কী ?

৩। যে কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও :

৫×৩=১৫

- (ক) 'গুণধরের অসুখ' নাটকে বর্ণিত পরীক্ষা হলের দৃশ্যটির বিবরণ দাও।
- (খ) "গুণধরের জীবনে এই ডাক্তার পর্বটি সংক্ষিপ্ত।" নাটকে এই পর্বটির পরিচয় দাও।

- (গ) "এক ফোঁটা জল নাক বেয়ে গড়িয়ে আসতেই নাকছাবিটার কথা মনে পড়ল।" 'গুণধরের অসুখ' নাটকে ছন্দার নাকছাবির প্রসঙ্গ যে ইঙ্গিতময়তা বহন করে এনেছে, তা আলোচনা করো।
- (ঘ) "স্কুলের প্রথম দিনের অভিজ্ঞতাটা বড়ই দুঃখজনক হয়েছিল।" এই অভিজ্ঞতার বর্ণনা দাও।
- (ঙ) "চোরদের যেমন ছিল নিদালি মন্ত্র, গৃহিণীদের তেমনি ছিল জাগরণী প্রতিষেধক।" এই 'জাগরণী প্রতিষেধক'টির পরিচয় দাও।

৪। ক—গুচ্ছ ও খ—গুচ্ছ থেকে অন্তত একটি করে নিয়ে মোট তিনটি প্রশ্নের বিশদভাবে উত্তর দাও : ১০×৩=৩০

ক—গুচ্ছ

- (ক) 'গুণধরের অসুখ' নাটকে উজ্জ্বল এবং পবিত্রের বন্ধুত্ব এবং দ্বন্দ্বের স্বরূপ বিশ্লেষণ করো।
- (খ) 'গুণধরের অসুখ' সম্বন্ধে সমালোচক বলেছেন,— "আবার সে-সবের সঙ্গে সম্পর্ক না রেখেই জাদু-বাস্তবতার সংজ্ঞাতেও কেউ এটির (গুণধরের অসুখ-এর) বিচার পছন্দ করতে পারেন।" এই মন্তব্যের আলোকে নাটকটির জাদু-বাস্তবতার প্রসঙ্গটি আলোচনা করো।
- (গ) 'গুণধরের অসুখ' নাটকের নামকরণ সম্পর্কে তোমার মতামত বিশ্লেষণ করো।

খ—গুচ্ছ

- (ঘ) ‘হারানো দিন হারানো মানুষ’ গ্রন্থের নামকরণের সার্থকতা বিচার করো।
- (ঙ) “একটি ছোট গ্রামের ততোধিক ছোট বিদ্যালয়ে যে এতজন কৃতি-শিক্ষকের সমাবেশ ঘটেছিল তার একটা রাজনৈতিক কারণ ছিল।” লেখকের মতানুসারে এই কারণটি বিশ্লেষণ করো।
- (চ) স্মৃতিকথা ও আত্মজীবনীর সংজ্ঞা ও বৈশিষ্ট্য আলোচনা করে ‘হারানো দিন হারানো মানুষ’ গ্রন্থটি কোন্ শ্রেণির অন্তর্ভুক্ত তা নিরূপণ করো।

★ ★ ★